এমন রোমহর্ষক chase sequence এক সিনেমার পর্দায় ছাড়া বাস্তব জীবনে আজ পর্যন্ত দেখেছি বলে তো মনে পড়ে না। তবে হরিদা সেদিন শেষ পর্যন্ত প্রাণে বেঁচে গিয়েছিল। ট্রামরাস্তার ওপারে বিডন স্ট্রীটে হরিদাকে খেদিয়ে দিয়ে সঞ্জয় সেদিন ওর পিছু ছেড়ে দিয়েছিলো। পরে জানতে পারলাম যে সেদিনের নেপথ্যকাহিনী ছিল দৃশ্যমান ঘটনার থেকেও বেশী চিত্তাকর্ষক। তখন সঞ্জয় ছিল আমাদের কলেজের ছাত্র রাজনীতির এক তালেবর। কাজেই নানা জরুরি কাজের চাপে গত দু বছরে সে থিয়োরি বা প্রাকটিক্যাল, কোনও ক্লাসেরই ছায়া মাড়ায় নি। সমস্যা দেখা দিল প্রাকটিক্যাল পরীক্ষার আগে, কি করতে হবে তা না জানলে সে গন্ডি টপকানো কঠিন। মওকা বুঝে সঞ্জয়ের পরীক্ষা বৈতরণী পার করতে কান্ডারী হয়ে দেখা দেয় হরিদা। সঞ্জয়কে আশ্বাস দিয়েছিল যে পরীক্ষায় তার ভাগে যে দুটো অজানা স্যাম্পেল পড়বে, সে দুটোর নাম পরীক্ষার পরিচালনকারি অধ্যাপকের নজর এড়িয়ে তাঁর লিষ্ট দেখে বলে দেবে সঞ্জয়কে। বিনিময়ে, দক্ষিণা মাত্র পঞ্চাশ টাকা! সঞ্জয় তো হাতে চাঁদ পেয়েছিল। এদিকে এরকমই একটা কিছু হবার আশঙ্কায় সেই অধ্যাপক লিষ্টটা স্টাফ রুমের লকারে বন্ধ করে রেখেছিলেন। ফলে হরিদা জানতে পারেনি সঞ্জয়ের কপালে কোন দুটো 'শক্তিশেল' নাচছে। কিন্তু ততক্ষণে পঞ্চাশ টাকা হাত বদলে হজম হয়ে গেছে, আর ফেরত দেবার মতো সামর্থ্যও নেই। কাজেই প্রাণের ভয়ে হরিদা যা মনে আসে তাই দুটো রাসায়নিক যৌগর নাম করে দিয়েছিল, আর সঞ্জয়ও সে দুটো বুক চিতিয়ে পরীক্ষার খাতায় লিখে দিয়ে এসেছিল। কেমিস্টিতে 'সুপন্ডিত' সঞ্জয় বুঝতেও পারে নি যে হরিদা ওকে যে দুটো যৌগর নাম বলেছিল সে দুটোই সাদা কঠিন পদার্থ, আর ওর দুটো স্যাম্পেলই ছিল বর্ণহীন তরল। পরে শুনেছিলাম যে হরিদা সঞ্জয়কে সান্তনা দিয়ে বলেছিল, 'যা হবার তা হয়ে গেছে, তুই আমার ছোট ভাইয়ের মতো . . . দেখিস তোর Part II টেস্ট পরীক্ষার প্রাকটিক্যাল আমি ঠিক উতরে দেব।' তবে পরেরবার ন্যাড়া আবার বেলতলায় গিয়েছিল কি না এতদিন পরে আজ আর মনে পড়ে না।

হরিপদ সরখেল ছিল আমাদের কলেজে কেমিস্ট্রি বিভাগের বেয়ারা। এরকম চারিত্রিক এবং শারীরিক বৈশিষ্ট্যর যুগলবন্দী আমি খুব বেশী একটা দেখি নি। মধ্য পঞ্চাশের হরিদা উচ্চতায় পাঁচ ফুট কোনও মতেই ছাড়াবে না - পরণে ঘন নীল রঙের সুতির বুশ শার্ট, খাকি ফুল প্যান্ট আর পায়ে স্যান্ডাকের চপ্পল। তার ভাবগম্ভীর মুখ দেখলে মনে হত যে কোনও বিচারক বোধহয় আসামীর মৃত্যুদন্ড ঘোষণা করতে যাচ্ছেন। হরিদাকে কখনও হাসতে দেখেছে এমন বদনাম ওর

শত্রুতেও দিতে পারতো না। মাঝে মাঝে মনে হত যে হরিদার গালের মাংসপেশীতে বোধহয় কোনও গোলমাল আছে, তাই ডাক্তার হাসতে বারণ করেছে। হরিদার কাজ ছিল বিভাগীয় ফাইলপত্র গুছিয়ে রাখা আর স্টাফরুমে অধ্যাপকদের টুকিটাকি ফাইফরমাশ তামিল করা। ছাত্রদের ল্যাবরেটারিতে সাহায্য করা ছিল হরিদার সাধ্য এবং এক্তিয়ার, দুটোরই বাইরে। ল্যাবরেটারিতে ব্যবহৃত বেশীরভাগ কেমিক্যাল বা যন্ত্রের নাম হরিদা জানতই না, তাই নিজের মত করে সেগুলোর নাম দিয়েছিল। হরিদার জবানীতে sulfuric acid ছিল 'বাথরুম সাফের অ্যাসিড', potassium permanganate হয়ে গেছিল 'বেগুনী গুঁড়ো', আর Kipp's apparatus ছিল 'পচা ডিমের বোয়াম'। তবে (না অতি)উচ্চতা, গাম্ভীর্য আর চালচলনের সপ্রতিভতা মিলিয়ে হরিদার মধ্যে এমন একটা ব্যক্তিত্ব ছিল যে আমাদের প্রাকটিক্যালের সময় ল্যাবরেটারিতে ঢুকে precision weighing balance-এর দিকে আঙ্গুলনির্দেশ করে যখন জিজ্ঞাসা করত যে ''দাঁড়িপাল্লাটা কে নোংরা করেছে?'' - আমরা হেসে ফেলার বদলে সন্ত্রস্ত হয়ে উঠতাম। কলেজের এক অধ্যাপিকার কাছে শুনেছিলাম হরিদার সাথে তাঁর প্রথম মোলাকাতের গল্প। তখন তিনি লেকচারার পদে সদ্য যোগ দিয়েছেন কলেজে, বিশেষ কাউকে চেনেন না। কলেজের অ্যাসেম্বলি হলে হরিদার সাথে প্রথমবার দেখা তাঁর। তিনি ভেবেছিলেন যে এই ভদ্রলোক নিশ্চয়ই কোনও অধ্যাপক হবেন। নমস্কার করে নিজের নাম-পরিচয় দিয়ে জানিয়েছিলেন যে তিনি ইকনমিক্স বিভাগে সদ্য যোগ দিয়েছেন। হরিদাও না কি গম্ভীর মুখে প্রতিনমস্কার করে বলেছিল - ''আমি হরিপদ সরখেল, কেমিস্ট্রি বিভাগে আছি। কোনও অসুবিধা হলে বলবেন আর একদিন সময় করে চলে আসুন আমাদের বিভাগে, কথা বলা যাবে।'' পরে সেই অধ্যাপিকা যখন প্রফেসর সরখেলের খোঁজে কেমিস্ট্রি বিভাগে এসে জানতে পারেন হরিদার পরিচয়, তখন বিভাগীয় প্রধানের ধমকের উত্তরে হরিদা না কি ক্ষুন্ন গলায় বলেছিল, ''এ কি কথা, স্যার, আমি কি কেমিস্ট্রির কেউ নই? আপনাদের মত প্রফেসর না হতে পারি, কিন্তু ছেলেমেয়েগুলোর পড়াশুনায় কি আমি কম সাহায্য করি?'' শুনেছিলাম যে রাসভারি বিভাগীয় প্রধান না কি একটু থতমত খেয়ে গিয়েছিলেন।

এহেন হরিদার ছিল একটু হাতটানের অভ্যাস। তবে এমন নয় যে হরিদা কারও ব্যাগ থেকে দামি কিছু সরাতো। খালি কোনও ছাত্র বা অধ্যাপকের পকেট থেকে যদি কিছু পড়ে যেত, তা সে একটা সিকিই হোক বা সামান্য একটা দেশলাই বাক্স, হরিদার নজরে পড়লেই সেটা কুড়িয়ে নিয়ে পকেটে ভরতো। শুনেছিলাম যে সামান্য মাইনের বেয়ারা অকৃতদার হরিদাকে সংসারে অনেকগুলো পুষ্যির ভার টানতে হত। এই হাতটান নিয়ে উপরওয়ালাদের কাছে হরিদা যে কখনও ধমক ধামক খেত না তা নয়, তবে হরিদার আর্থিক অবস্থার কথা ভেবে কেউ এই ব্যাপারটা বিশেষ একটা গায়ে মাখত না।

একদিন কলেজ শেষে বিকেলবেলা কয়েকজন বন্ধু মিলে চাচা'স কেবিনের দোতলায় বসে মোগলাই পরোটা খাচ্ছি, হঠাৎ খেয়াল হল যে হরিদা দোকানে ঢুকে একতলার একটা চেয়ারে জাঁকিয়ে বসে চার প্লেট ডিম চাউমিন আনতে হুকুম করলো। খাবার আসার পরে, হরিদা প্রথমে এক প্লেট চাউমিন নিজে খেয়ে বাকি তিন প্লেট খাবার চারটে বাক্সে সমানভাবে ভাগ করে নিয়ে হাঁটা দিল কলেজের দিকে। বুঝতেই পেরেছিলাম যে কেমিস্ট্রি বিভাগের অধ্যাপকেরা বৈকালিক টিফিন সারার জন্যে হরিদাকে খাবার আনতে দিয়েছিলেন। এত বড় একটা চুরি ধরতে পেরে উত্তেজিত আমরা পরে এক প্রবীন অধ্যাপককে এই কথা জানানোয় তিনি বলেছিলেন, ''যেতে দে তো, গরীব মানুষ দুটো খেয়েছে তো কি হয়েছে? আমরা সব জানি, তাই তো হরিকে সবসময় একটু বেশী খাবার আনতে দি।''

হরিদার যখন আমার শেষবার দেখা হয় তখন আমি কলেজ টপকে রাজাবাজার সায়েন্স কলেজে এপ্লায়েড কেমিস্ট্রি বিভাগে ঘানি টানছি। সেদিন দুপুর থেকেই অঝোরে বৃষ্টি, জলে ডোবা উত্তর কলকাতার রাস্তায় গাড়িঘোড়া প্রায় সব বন্ধ হয়ে গেছে। বৃষ্টি মাথায় করে সায়েন্স কলেজ থেকে বেরিয়ে হাঁটতে হাঁটতে মানিকতলা পৌঁছে রাস্তার ধারে ঠায় দাঁড়িয়ে আছি বাসের আশায়। বাসের তো দেখাই নেই, এমনকি অটোগুলোও বেপাত্তা হয়ে গেছে রাস্তা থেকে। এমন সময় আমার সামনে একটা লরঝরে সাইকেল ব্রেক মেরে থামিয়ে তার থেকে নেমে দাঁড়ালো হরিদা। পরণে সেই পরিচিত বুশ শার্ট, খাকি প্যান্ট - খালি মাথায় একটা পলিথিনের ঠোঙ্গা নারকেল দড়ি দিয়ে কপালের উপরে বাঁধা। আমার ভেজা কাকের মতো অবস্থা দেখে বলেছিল, ''চল, তোকে গিরীশ পার্ক মেট্রো স্টেশনে পৌঁছে দিয়ে আসি। যা অবস্থা, কাল সকালের আগে আর বাস পাবি বলে মনে হয় না।'' হরিদা সেদিন আমাকে তাঁর সাইকেলের পিছনে বসিয়ে হাঁটু জল বিবেকানন্দ রোডের উপর দিয়ে প্যাডেল করে পৌঁছে দিয়েছিল মেট্রো স্টেশনে। সাইকেল চালাতে চালাতেই প্যান্টের পকেটে হাত ঢুকিয়ে আরও একটা পলিথিনের ঠোঙ্গা বার করে আমার দিকে এগিয়ে দিয়েছিল, ''এটা মাথায় চাপিয়ে নে, যা ভিজেছিস - একটা জ্বরজ্বারি না বাঁধাস।' সেদিন হরিদার সেই অকৃপণ সাহায্যের পরেও আমি নষ্টামি করতে ছাড়ি নি। পকেটে যথেষ্ট রেস্ত থাকা সত্বেও বলেছিলাম, 'আমার কাছে বাসের ভাড়া আছে, কিন্তু মেট্রোর টিকিট কাটার মতো পয়সা তো নেই।'' ভিজে জবজবে শার্টের পকেটে হাত চালিয়ে হরিদা প্রায় পাঁচ টাকার সমমূল্য এক মুঠো সিকি, আধুলি বার কোরে আমার হাতে দিয়ে সাইকেল চালিয়ে মিলিয়ে গিয়েছিল বৃষ্টিধারার মধ্যে। তারপরে হরিদার সাথে আমার আর কখনও দেখা হয় নি। এত বছর হয়ে গেল, এখনও হরিদার কাছে ঋণী হয়ে আছি। এই ঋণ কি কোরে যে শোধ করবো তা জানি না, কারণ সেদিনের কেবলমাত্র ওই পলিথিনের ঠোঙ্গাটার সমমূল্য কত তা ও আমার অজানা।

## নিজেদের জন্য

সিংহমশাই

আমাদের সকল প্রার্থনা শূন্যে বিলীন হয়ে গেল
আমাদের সমস্ত প্রার্থনা বিফল বিলাপ হয়ে গেল
প্রার্থনার কোনো পরিণতি নেই
প্রার্থনা অবশেষে কোনো কাজে লাগে না।

তবু নিজেদের জন্যেই প্রার্থনার ভূমিকা।

প্রার্থনার পরাকাষ্ঠায়
পরস্পরের স্পর্শ থেকে, সান্নিধ্য থেকে
চয়ন করে নেবার জন্য
দৈনন্দিন সামর্থ, আপাতকালীন শক্তি
এগিয়ে চলবার তাগিদ।
সমবেত প্রচেষ্টায় তাই আমরা বাঁচি
প্রার্থনার মধ্যস্থতায়
তোমার-আমার ব্যাকুল জীবনতৃষ্ণায়।

যদিও প্রার্থনার কোনো পরিণতি নেই
যদিও প্রার্থনা অবশেষে কোনো কাজে লাগে না।

কেবল অন্তরের দৃষ্টি দিয়ে দেখলাম,
শ্রবণের গভীরতা দিয়ে শুনলাম
অস্তিত্বের পূর্ণতা দিয়ে অনুভব করলাম -
আমাদের সকল প্রার্থনা শূন্যে বিলীন হয়ে গেল
আমাদের সমস্ত প্রার্থনা বিফল, বিলাপ হয়ে গেল।

## কথা

শুক্লা গাঙ্গুলী

কথার ছলে বলা ছিল সে-কথা
তখনও যুবতী চাঁদ আর অসংখ্য তারা মাথার উপর
উপন্যাসে আমার কবিতা, অথবা কবিতায় উপন্যাস ।।

ছিল অস্বাক্ষরিত এক গোপন চুক্তি
অলঙ্করণ অথবা নিপাট বাক্য বিন্যাসে,
শব্দহীন মানচিত্র।।
ধুলোর আস্তরণে জানালার গরাদ,
বাইরে অন্তহীন আকাশে হেলান দেওয়া মেঘ,
ভেসে যায় -
কিছু অচেনা পঙক্তি।।



# প্রতারক

ভারতী মিত্র

আরেকবার পিছন ফিরে তাকায় মোনা। হ্যাঁ, কোনো ভুল নেই। ছেলেটা তাকে ফলো করছে। মেরুন সার্ট, কালো স্ল্যাক্স, লম্বা, ছিপছিপে, চোখে মোটা কালো ফ্রেমের চশমা, হাঁটার তালে তালে চুলের গুচ্ছ কপালের ওপর এসে পড়ছে। বেশ অ্যাট্রাক্টিভ চেহারা।

একে আগেও কলেজের সামনে কয়েকবার দেখেছে মোনা, পিছন পিছন কিছুটা দূরত্ব রেখে ফলো করে।

আজও যতবার ফিরে তাকাচ্ছে, ছেলেটি এমনভাবে এদিক-ওদিক তাকিয়ে আকাশ-বাড়ি-দেয়াল-গাছপালা দেখতে শুরু করছে যে মোনার খুব হাসি পেয়ে যাচ্ছে। হাঁটতে হাঁটতে পার্ক সার্কাসে এসে পৌঁছয় মোনা। ট্যাক্সি ধরতে হবে, নিউ মার্কেটে শাড়ীর দোকানে মিলি অপেক্ষা করছে। মিলির বিয়ের শাড়ী পছন্দ করতে সাহায্য করবে সে, কথা দিয়েছে।

একটা খালি ট্যাক্সিকে দূর থেকে যেতে দেকে ''ট্যাক্সি'' বলে চেঁচিয়ে ওঠে মোনা। ট্যাক্সিটা ঘুরে এসে ঘ্যাঁচ করে দাঁড়ায়, কিন্তু একি? সেই মেরুন সার্ট কেন ট্যাক্সির দরজা খুলে দাঁড়াচ্ছে? প্রায় একরকম ছুটেই ট্যাক্সিটার কাছে চলে আসে মোনা, ''আমি ডেকেছি, এটা আমার ট্যাক্সি।''

একটু হেসে বাঁ হাতে দরজাটা আরো ভালো করে খুলে ধরে ছেলেটি মাথা নুইয়ে ''বাও'' করবার ভঙ্গি করে, ডান হাত দিয়ে ট্যাক্সির ভেতরটা দেখিয়ে দেয়। মোনা ভুরু কুঁচকে গা বাঁচিয়ে চট করে ভেতরে ঢুকে পড়ে। দরজাটা বন্ধ করে দেয় ছেলেটি। নিশ্চিন্ত হয় মোনা।

কিন্তু পরক্ষণেই বলা নেই কওয়া নেই টপ করে সামনের সীটে ড্রাইভারের পাশে বসে পড়ে ছেলেটি, আর মোনা কিছু বলবার আগেই ট্যাক্সিটা চলতে শুরু করে।

''একী? এটা কি শেয়ারের ট্যাক্সি নাকি?'' - গলায় প্রচুর বিরক্তি মোনার।

ছেলেটি পিছন ফিরে স্মিত হেসে উত্তর দেয়, ''শেয়ারের নয় কিন্তু আমি আপনার সঙ্গে শেয়ার করতে রাজি আছি।''

''আচ্ছা? তাই নাকি? কিন্তু আমি যে আপনার সঙ্গে শেয়ার করতে রাজি নই!''- শ্লেষের সঙ্গে বলে মোনা।

ছেলেটির আবার সপ্রতিভ উত্তর, ''ও, তাহলে আপনি নেমে যেতে পারেন!''

রাগে মোনা চোখে অন্ধকার দেখে, ''কী? আপনার সাহস তো কম নয়! আমি নেমে যাব? আপনি জোর করে এসে ঢুকে পড়লেন, আর . . .''

এইবারে ট্যাক্সি ড্রাইভারটি ঘুরে তাকায়, ''দিদি গুসসা মৎ কিজিয়ে। ইয়ে আদমি পহেলে হাত উঠায়া। হম্ ইনকে লিয়ে গাড়ি ঘুমাকে লে আয়া। আপকো তো হম দেখা ভি নেহি!''

আশ্চর্য! সত্যি নাকি? হতেই হবে সত্যি, কারণ ট্যাক্সি ড্রাইভারের তো কোনো স্বার্থ নেই মিথ্যে বলায়! তাও কি করে যে এ ভুল হল, বুঝতে পারে না মোনা, তাই গজগজ করতে থাকে নিজের মনে, ''ইয়ে ক্যায়সে হোনে সক্‌তা?''

ট্যাক্সি ড্রাইভার আর সহযাত্রি কোনো কথা বলে না, শুধু মুখ চাওয়াচাওয়ি করে মুচকি হাসে একটু, দেখে গা জ্বলে যায় মোনার।

''কাঁহা যানা হ্যায় দিদি?''

''নিউ মার্কেট।''

ছেলেটি বলে ওঠে, ''ফির ওয়াহাঁ মুঝে ভি যানা হ্যায়!''

চোখ আকাশে তোলে মোনা, নিজের মনে বলে, ''হোয়াট এলস ইস নিউ? তুমি একটি ফোর-টোয়েন্টি! করবারও কিছু নেই, যাবারও জায়গা নেই, কেবল মেয়েদের ফলো করা ছাড়া।''

সারা রাস্তা চুপচাপই চলত যদিনা ছেলেটি হঠাৎ মোনার দিকে ফিরে বলে উঠত, ''শুনুন, প্লিজ রাগ করবেন না, এটা একটা স্রেফ ভুল বোঝাবুঝি। আমি আসলে লম্বা তো, আর আমার হাতগুলোও ভীষণ লম্বা, তাই এ আমাকেই আগে লক্ষ্য করেছে। এতে কিন্তু আমাদের কারোরই কোনও দোষ ছিলনা, স্রেফ ভবিতব্য। আপনি আর আমি একই জায়গায় যাচ্ছি! কোনও ঝামেলা নেই।'' বলেই স্মিত হাসে আবার।

কী সুন্দর দাঁতগুলো ছেলেটার! কী সুন্দর হাসিটি! নাঃ মনে হচ্ছে মোনার বোধহয় ভুল হয়েছে। ছেলেটি হয়ত সত্যিই খারাপ নয়। যাই হোক, কথা বেশী বাড়িয়ে লাভ নেই। এই তো একটু পরেই নেমে যাবে ওরা, যে যার পথে চলে যাবে, আরদেখাও হবে না কোনও দিন। তাই চুপ করে থাকে মোনা।

ট্যাক্সি ড্রাইভার, যেন গাড়ীর মৌনতা ভঙ্গ করবার জন্যই, সিডি প্লেয়ারে গান চালিয়ে দেয়, ''তেরে মেরে মিলন কী ইয়ে রয়না।'' ছেলেটি আবার ঘুরে তাকায়।

''আচ্ছা, আপনি তো ব্রেবোর্ণেই পড়েন, তাই না? দেখলাম মনে হল ওখান থেকেই বেরোলেন।''

ঘাড় নেড়ে সম্মতি জানায় মোনা।

''কোন ইয়ার?''

''সেকেন্ড।''

''অনার্স?''

''ফিসিক্স।''

''বাব্বা! দারুণ!''

''আর আপনি?''

''ডাক্তারি পড়ছি, ন্যাশনাল মেডিকাল, ফাইনাল ইয়ার।''

''তাই নাকি,'' একটু সম্ভ্রম জাগে, নট ব্যাড! বিয়ের বাজারে তো বেশ চলনশই! নিজের ভাবনা-চিন্তায় নিজেরই হাসি পায়। শেষে ও নিজেও কি মিলির মতন কলেজ শেষ না

করেই, বা কেরিয়ার তৈরি করবার আগেই, বিয়ের জন্য পাগল হয়ে উঠবে? কক্ষনো না! তা সে যদি প্রিন্স চার্মিং হৃদয়ের দরজায় ধাক্কা দিয়ে দরজা ভেঙ্গে ফেলবার জোগাড় করে, তাও না!

''আসলে আমার এক বন্ধুর আজ বিয়ে, তাই কখনও যা করি না, তাই করতে চলেছি!'' -ছেলেটি বলে।

''আচ্ছা? কী সে কাজ?''

''সপিং,'' হা হা করে হেসে ওঠে ছেলেটি। মোনাও এবারে না হেসে পারে না।

''কি কিনবেন?''

''কি জানি, ঠিক বুঝতে পারছি না। আপনার কোনো সাজশান আছে?''

''কি আর সাজেশান দেব বলুন? আমি কি আর আপনার বন্ধুপত্নীকে চিনি?''

''না মানে চেনবার তো দরকার হয়না, মেয়েরা তো জানে সাধারণভাবে অন্য মেয়েরা কি চায়।''

''তাই? তাহলে শাড়ী কিনতে পারেন। ওটা সবসময় মেয়েদের দরকার হয়।''

''হ্যাঁ শাড়ীর কথাটা আমিও ভেবেছি, কিন্তু পছন্দসই শাড়ী কেনা কি আর আমার কর্ম? আচ্ছা, আপনিও তো নিউ মার্কেটেই যাচ্ছেন, আ-, আপনার কি একটু সময় হবে আমাকে এ-ব্যাপারে সাহায্য করতে?''

''নিশ্চয়! আমিও তো শাড়ীর দোকানেই যাচ্ছি। আমারও এক বন্ধুর বিয়ে। তাকে হেল্প করতে।''

ছেলেটি হাসে, ''আপনার তো তাহলে এ কাজটা প্রফেশন হিসেবে নেওয়া উচিৎ! বিদেশে তো শুনেছি পার্সোনাল শপার হওয়াটা খুব ফ্যাশনেবল প্রফেশন!''

''দেখি, পাশ করে যদি চাকরি-বাকরি না পাই তো ওটাই করব'' বলে মোনাও হাসে।

নিউ মার্কেট এসে পড়ে। মোনা ব্যাগ বের করবার আগেই ছেলেটি ট্যাক্সির দাম চুকিয়ে দেয়। মোনা কপট রাগ দেখায়, ছেলেটি হাসে। বলে, ''দেখুন টেকনিকালি, আপনি আমার ট্যাক্সিতে উঠেছিলেন, তাই আপনি আমার গেস্ট!''

মোনা তার নির্দিষ্ট শাড়ীর দোকানের দিকে এগিয়ে চলে। ছেলেটি ফলো করে। হঠাৎ ছেলেটি মোনাকে পেরিয়ে গিয়ে ঘুরে দাঁড়ায়, বলে, ''ইস্ ফর্মাল ইন্ট্রোডাকশান হবার আগেই এত ফেভার নিয়ে ফেলা কোনও কাজের কথা নয়। আমি সুপ্রতীক সেন। আপনি?''

''আমি মোনা চাকলাদার।''

''হ্যালো, নাইস টু মীট ইউ!''

''সেম হিয়ার!''

দোকান এসে পড়ে। ঢুকে মোনা দেখে মিলি প্রতিদিনের মতন আজও লেট! বলে, ''তা সুপ্রতীক-বাবু, আপনার বাজেট কত?''

''বাজেট? তা তো জানিনা। মানে সাধারণতঃ শাড়ী-টাড়ীর দাম কেমন হয়?'' হেসে ফেলে মোনা সুপ্রতীকের অজ্ঞতা দেখে।

''শাড়ী পাঁচশো টাকাতেও পাওয়া যায়, আবার পঁচিশ হাজারেও মেলে!''

''তাই নাকি? তা ওই মাঝামাঝি একটা কিছু হয় না? পাঁচ হাজার-টাজার . . .''

টাকার আঙ্কটা মনে ধরে মোনার, ''পাঁচ হাজারে বেশ ভাল একটি গিফটেবল শাড়ী হবে!''

''বেশ। এনি কালার প্রেফারেন্স?''

''জানি না। নতুন বউ তো, লাল-টাল হলেই তো ভালো হয় তাই না?''

''ঠিক আছে, লালই হবে।''

দোকানিকে বলে মোনা, ''একটু হাল্কার দিকে, লালের ওপর কোনো ওপর শাড়ী রাখেন আপনারা?''

''আছে দিদি, বেশ কয়েকটিই লালের ওপর আছে'', বলে একেবারে ওপরের তাকে হাত বাড়ায় সেলসম্যান।

ইতিমধ্যে মিলি যে দোকানে ঢুকে পড়েছে, খেয়াল করেনি মোনা।

দোকানিটি তিনটি লাল শাড়ী পরপর বিছিয়ে দেয় টেবিলে। মিলি পেছন থেকে হাত বাড়িয়ে সব চাইতে পছন্দসই শাড়ীটি তুলে নেয়। বলে, ''বাঃ এটা তো বেশ! কি বলিস মোনা?''

মোনা চমকে ফিরে তাকায়। ''ওঃ তুই এসে গেছিস!''

''হ্যাঁ, তুই তো দেখছি আমার বিয়ের শাড়ী আমি আসবার আগেই পছন্দ করতে শুরু করেছিস!''

''না না আমি পছন্দ করছিলাম . . .'' বলেই এদিক-ওদিক তাকিয়ে আবাক হয়ে যায় মোনা। সুপ্রতীককে কোথাও দেখা যায় না। দোকানের বাইরে বেরিয়ে দুদিকে তাকায় সে। নাঃ, কোনো চিহ্ন নেই লোকটার। এই ক'মিনিটে গেল কোথায়? শাড়ী নামাতে দোকানীর মিনিট তিনেকের বেশী তো লাগেনি!

''কি রে কাকে খুজছিস?'' বন্ধুর প্রশ্নের উত্তরে ফ্যালফ্যাল করে চেয়ে থাকে মোনা।

''কি হল কি তোর? ভূত দেখেছিস নাকি?''

''নাঃ, এমনিই!''

''এই শোন, দোকানে ঢোকার মুখেই কাকে দেখলাম জানিস? আমার বোন বলাকার এক্স বয়ফ্রেন্ড, সুপ্রতীক, যে ওকে প্রেগনেন্ট করে দিয়েছিল! হ্যাঁ রে! আমাকে দেখেই ভয় পেয়ে ছুটে বেরিয়ে গেল। শুনেছি সব্বাইকে বলে বেড়াচ্ছে যে ও নাকি ডাক্তারী পড়ছে এখন! আরও কত মেয়ের সব্বোনাশ করেছে দ্যাখো গে যাও! যা চটকদারী মেয়ে-পটানো চেহারা!''

কথা সরে না মোনার মুখে। খালি চেয়ার দেখে বসে পড়ে ধপ করে। মিলির গলার আওয়াজটা যেন বহু দূর থেকে ভেসে আসে, ''কি রে, শরীর খারাপ লাগছে নাকি?''

# ভগবানে বিশ্বাস

সবিতা লাহিড়ী

আমরা ছোটবেলা থেকেই বাবা মার কাছে শুনেছি, আমাদের অনেক জানতে হবে, অনেক শিখতে হবে। তাই আমরা স্কুলে যাই, ইতিহাস পড়ি, ভূগোল পড়ি, অঙ্ক করতে শিখি। তারপর আরও জানার জন্য আমরা যাই কলেজে। কেউ কেউ কলেজ ছাড়িয়ে যায় আরও উচ্চশিক্ষা নিতে - এম এস, পি এইচ ডি করে, নানান বিষয়ে গবেষণা করে। পরে কেউ হয় ডাক্তার, কেউ ইঞ্জিনীয়ার, কেউ বা বৈজ্ঞানিক। আমরা তাদেরকে বলি খুব পন্ডিত, অনেক জেনেছে, অনেক শিখেছে।

এইভাবে আমরা যা জানি বা শিখি তা কতগুলি ঘটনা, পড়ি কয়েকটি তত্ব আর প্রকল্প বা প্রমাণ-নির্ভর সত্য। কিন্তু এই জীবজগতের জন্ম-মৃত্যুর যে গূঢ় রহস্য তা কি আমরা জানতে পারি?

এই জগতে যারা চলে ফিরে বেড়ায়, যাদের আমরা বলি প্রাণী, বৈজ্ঞানিকেরা তাদের নানারকম শ্রেণীতে ভাগ করেছেন, যেমন উন্নত, অনুন্নত বা অর্দ্ধোন্নত, ইত্যাদি। কিন্তু এই প্রাণীরা কেন জন্মেছে, কার ইচ্ছায় জন্মেছে ও বড় হয়েছে? তারা যে জাগতিক জীবনের সব ধর্ম পালন করে চলেছে এবং তাদের দেহ যে একসময়ে নষ্ট হচ্ছে, যাকে আমরা বলি মৃত্যু, কে এই সমস্ত নিয়ন্ত্রণ করছেন? আমরা জানি না।

কেনই বা একজন মানুষ আর একজনের থেকে ভিন্ন? বাইরের রূপটা না হয় বংশগত উত্তরাধিকারসূত্রে প্রাপ্ত বলে মেনে নেওয়া যায়। কিন্তু জীবনের আর সব ব্যাপারের কার্যকারণ সম্বন্ধ আমরা খুঁজে পাই না, যেমন কেউ জীবনে খুশি আর কেউ খুশি নয়, কেউ বেঁচে থাকে অল্প সময়ের জন্য আবার কেউ একশত বছর বাঁচে, কেউবা নিজেকে ইচ্ছে করেই শেষ করে ফেলে আবার কেউ অসহ্য যন্ত্রণা ভোগ করেও বেঁচে থাকতে চায়। উদাহরণস্বরূপ আরও দেখা যায় যে কারও জীবনে রূপ-যৌবন টাকা-পয়সা পতি-পত্নী ছেলে-মেয়ে মান-প্রতিপত্তি ইত্যাদি সবই আছে আবার কারও কিছুই নেই। কেউ সারা জীবন লড়াই করে চলে একটু সুখের জন্য কিন্তু পায় না আর কেউ পেয়েও সব হারিয়ে ফেলে, কত মানুষ অকারণে অসময়ে হারিয়ে ফেলে তাদের প্রিয়জনকে। কেন এরকম হয়, এই প্রশ্নের সঠিক উত্তর কে দিতে পারে আমাদের?

এই সাংসারিক জীবন বড়ই বিচিত্র। এখানে কোন ধারাবাহিক নিয়ম নেই, অথচ প্রকৃতির রাজ্যে কত সুন্দর সব নিয়ম। সূর্য উঠছে ঠিক সময়ে, দিন হচ্ছে আবার রাত্রি হচ্ছে, চাঁদ উঠছে যথানিয়মে, কিন্তু এই মানবজীবনেই আমরা যেন দেখি কেবল নিয়মের ব্যতিক্রম।

পৃথিবী কি ভাবে সৃষ্টি হল, মানুষ কিভাবে বিবর্ধন করল, তা নিয়ে অনেক তত্ব আছে। ডারউইনের জৈববিবর্ধন তত্বে বলা হয়েছে যে মানুষ নিম্ন শ্রেণীর জীব-জন্তু থেকে ধীরে ধীরে বিবর্ধিত হয়েছে, কিন্তু সেটাও তো তত্ব মাত্র। সেটা কি কোন বিশুদ্ধ সত্য ঘটনা, যাকে আমরা নিঃসন্দেহে বিশ্বাস করব?

অসীম আকাশের সীমা নেই, সমুদ্রের গভীরতারও মাপ নেই। বিংশ শতাব্দীর উন্নত বিজ্ঞান জগতে এই অসীমকে জয় করার নানারকম প্রচেষ্টা চলেছে, আর জীবজগতের জন্ম মৃত্যুকেও উন্নত ডাক্তারী শাস্ত্র নানা ভাবে ব্যাখ্যা করার চেষ্টা করছে। মানুষ কেন জন্মাচ্ছে তার ব্যাখ্যা করা হয়েছে, আবার বলা হয়েছে যে মৃত্যু ঘটছে শারীরিক অসুস্থতা, দুর্ঘটনা ইত্যাদি নানা কারণে। কিন্তু কেন এক বিশেষ সময় একটি বিশেষ জীবের সৃষ্টি হল বা একটি সুন্দরী তরুণীর রক্তে লোহিত কণিকার অল্পতা হেতু রক্তাল্পতা হল, তার রহস্য কি আমরা জানি? শারীরিক যন্ত্রাদির ক্রিয়াকর্ম তো সবারই এক, সেটা এক জনের বেলায় হঠাৎ অক্ষম হল আর একজনের হল না, কেন?

এই সমস্ত প্রশ্নে উত্তর খোঁজার জন্য পন্ডিতরা বহু গবেষণা করে চলেছেন, তত্ব আর প্রকল্পের উপর ভিত্তি করে বৈজ্ঞানিক প্রবন্ধাদি স্তূপীকৃত হচ্ছে, যা অনেক সময় আর পাঠাগারেও রাখবার জায়গা হচ্ছে না। কিন্তু এসবই তো তত্ব আর প্রকল্প বিশেষ, কোনটাই বাস্তবিক সত্য নয়। এগুলো মেনে নেওয়া কেবল আমাদের বিশ্বাসের উপরই নির্ভর করছে, আর সেই বিশ্বাস অন্ধ হলেও তাই দিয়েই আমরা একে অন্যকে বোঝাচ্ছি। এই বিশ্বাস মানুষকে শান্তি দিতে পারে, তাই সেটাই মানুষের কাছে বিশুদ্ধ বা বাস্তবিক সত্য হয়ে দাঁড়ায়, হয়ে ওঠে ধর্মবিশ্বাস। প্রতিটি সামাজিক জীবই এই ধর্মকে আঁকড়ে ধরতে চায়, মেনে নিতে চায় একটা উর্ধতন শক্তিকে, যাকে আমরা বলি ঈশ্বর বা ভগবান। মানুষ স্বীকার করে নেয় যে তিনিই এই মানবজীবনের বা জীবজগতের সব রহস্যের উৎস, তিনিই একমাত্র জানেন এই সব কেনর উত্তর। সব কিছু বাগ-বিতন্ডার পর মানুষ মেনে নেয় যে আদি-অনন্তকাল থেকে চন্দ্র সূর্য গ্রহ তারা সব কিছু নিয়েই এই জগৎ সৃষ্টি হয়েছে তাঁরই ইচ্ছায় এবং তাঁরই শক্তিতে। এই জীবজগতের অসংখ্য অভিজ্ঞতা, যেমন বিভিন্ন মিনুষের বিভিন্ন মন, তাদের বিভিন্ন নিয়তি (জীবন ও মৃত্যু, দুঃখকষ্ট ও সুখসাচ্ছন্দ্য), এই সব কিছুই নিয়ন্ত্রণ করছেন সেই ভগবান অথবা ঈশ্বর। কে জানে তাঁর কি উদ্দেশ্য, যার জন্য জীবজগতে এত বৈচিত্র! তাঁর ইচ্ছায় কেন কেউ দুঃখ পাচ্ছে আর কেউ সুখে আছে, কারও সবই আছে আবার কারও

কিছুই নেই, যাঁরা ঈশ্বরে বিশ্বাস করেন তাদের মনে এই প্রশ্ন থেকেই যায়। তাই দেখি যুগে যুগে অবতারের আবির্ভাব হয়েছে, মানুষের আকার ধারণ করে। মানুষের মধ্যে থেকে তাঁরা ঈশ্বর উপলব্ধি করার পথ দেখিয়ে দিয়ে যান। শ্রীরামকৃষ্ণ, শ্রীশঙ্করাচার্য, শ্রীচৈতন্যদেব, এঁরা হয়ত এই প্রশ্নের উত্তর পেয়েছিলেন, জেনেছিলেন কেন ঈশ্বরের সৃষ্টি মানুষের ভাগ্যে এই বৈচিত্র।

আমরা সাধারণ মানুষেরা সংসারের 'মায়া'তে আবদ্ধ থাকি, জীবনে বিশেষ আঘাত পেয়ে আমরা চমকে উঠি, আর তখনই ছুটে যাই সেই পরমেশ্বরের কাছে, জন্ম-মৃত্যুর এই রহস্য জানবার চেষ্টা করি। বুঝতে পারি যে ঈশ্বরকে উপলব্ধি করাই মানবজীবনের প্রধান উদ্দেশ্য, আর তাঁকে উপলব্ধি করতে পারলে হয়তো এই রহস্যের উত্তর পাওয়া যেতে পারে। এই পথ বড় দীর্ঘ, তবু আমাদের মত ক্লিষ্ট বিধ্বস্ত মানুষেরা ছুটে যায়, খুঁজে পেতে চায় ঈশ্বর আরাধনার পথ।

ধন্য আমরা যে আমাদের ভিতরে শ্রীরামকৃষ্ণ, শ্রীমা সারদাদেবী ও স্বামী বিবেকানন্দের মত অবতারদের পেয়েছি। তাঁরাই পথা দেখিয়ে নিয়ে গেছেন আমাদের, এই বিশ্বাস নিয়ে হয়তো শান্তি পাওয়া যেতে পারে। তাই চলেছি আমরা এই পথ ধরে। আর এইভাবেই হয়তো আমরা পরমেশ্বরকে উপলব্ধি করতে পারব। এই বিশ্বাসই হয়তো বিশুদ্ধ সত্য যা আমাদের জীবনে শান্তি আনতে পারবে। তাই আমাদের এই প্রচেষ্টা।

# ভুলো মন*

লোকেশ ভট্টচার্য

শনিবারেই ঘটুদার ক্যান্টিনে ওদের আড্ডাটা ঠিক মত জমে। অন্য দিনগুলোয় ক্লাসের তাড়া থাকে, ল্যাবের কাজ শেষ করতে করতে অনেক দেরী হয়ে যায়। আড্ডা দেওয়ার সময়ই পাওয়া যায় না। কিন্তু শনিবারের ব্যাপারটা অন্য রকম। একটার পরে আর ক্লাস থাকে না। জমিয়ে ঘন্টাদুয়েক আড্ডা মেরে তিনটে নাগাদ বাড়ির পথ ধরে। এদিনও ওরা উঠতে যাচ্ছে, জয়া হঠাৎ দেবাশিষের দিকে তাকিয়ে বলল, ''তোমার সঙ্গে দরকারি কথা আছে। একটু থাকতে পারবে।''

অন্যদের দিকে তাকিয়ে দেবাশিষ বলল, ''তোরা এগো। আমি একটু পরে আসছি।''

দুজনের জন্য আর এক কাপ করে চায়ের অর্ডার দিয়ে দেবাশিষ জয়ার দিকে তাকাতেই জয়া বলল, ''তুমি আমায় বিয়ে করবে?''

এরকম একটা কথার জন্য দেবাশিষ একেবারেই তৈরী ছিল না। শুনে থতমত খেয়ে গেল। ও ঠিক শুনছে তো? জয়া যা বলছে তার মানে দাঁড়ায় জয়া ওকে প্রপোস করছে! ইউরোপিয়ান প্রথা যতটুকু জানে, ছেলেরাই মেয়েদের প্রপোস করে। মেয়েরা প্রপোস করে কখনও শোনে নি। তার চেয়ে বড় কথা এরকম করে কেউ বিয়ের কথা বলে নাকি? বিয়ে হতে গেলে একটা জানা-চেনা, বোঝাপড়া, একটু পূর্বরাগ, একটা প্রেম-ভালোবাসার ব্যাপার আছে। সে সব বেমালুম বাদ দিয়ে হুট করে সোজা বিয়ে!

দেবাশিষ উত্তর দিচ্ছে না দেখে জয়া একটু আশ্চর্য হয়েই বলল, ''আমি একটা মেয়ে, তোমাকে, একটা ছেলেকে, বলছি আমায় বিয়ে করতে। এটা কি খুব একটা আশ্চর্যের কথা? তোমার মুখ দেখে মনে হচ্ছে, এরকম অদ্ভুত কথা তুমি কোনদিন শোন নি। আমি দেখতে খারাপ নয়। আশা করি তুমি স্বীকার করবে, গড়পড়তা বাঙালী মেয়ের তুলনায় আমি ফরসা এবং দেখতে সুন্দরী। কোন অসুখ-বিসুখ নেই। বি.এস.সি-তে তোমার চেয়ে নীচে র‍্যাঙ্ক করলেও পড়াশুনায় আমাকে খারাপ বলতে পার না। একটা মেয়ের মধ্যে তুমি আর কি চাও? তোমার আপত্তিটা কোথায়? তোমার কি জাত-পাতের ব্যাপার আছে? তাহলে অবশ্য অন্য কথা।''

জয়ার কথার যে কি উত্তর দেবে দেবাশিশ বুঝে উঠতে পারছিল না। এতক্ষণে জয়া একটু থামতে তাড়াতাড়ি বলে উঠল, ''না, না, আমি জাত-পাত মানি না। আমার বাবা-মায়েরইতো জাত মেনে বিয়ে হয় নি।''

কথাটা শুনে জয়া প্রায় লাফিয়ে উঠল, ''বাঃ, তাহলে তো আর কোন সমস্যাই রইল না। যতই পড়াশুনা করুক, বিয়ের সময় অনেকে পালটি ঘর খোঁজে। সেই ব্যাপারটায় একটু ভয় হচ্ছিল। ওঁরা নিজেরাই যখন জাত মানেন নি তখন তো আর সমস্যাই নেই।''

কথাগুলো দেবাশিষের কাছে মনে হল অকাট্য অথচ ব্যাপারটার মধ্যে যে একটা বড় ফাঁক আছে সে সম্বন্ধে ও নিশ্চিত। কিন্তু ফাঁকটা যে ঠিক কি এবং জয়াকে সেটা কি করে বোঝান যায় ঠিক করতে না পেরে চুপ করেই রইল।

জয়া কিন্তু অনেক দূর এগিয়ে গেছে, ''তবে একটা কথা তোমায় বলে রাখি, এম.এস.সি শেষ করে আমি কিন্তু পি. এইচ. ডি. করব। আমার যা রেজাল্ট, স্কলারশিপ পেতে অসুবিধা হবে না। তোমায় কিন্তু সেটা মেনে নিতে হবে। তুমি যদি চাও যে তোমার বউ স্টে-হোম মাম্ হবে, সেটা কিন্তু আমি মানতে পারব না।''

সর্বনাশ, জয়া যে অনেক দূর চলে গেছে - বিয়ের পরে কি হবে সেই ষ্টেজে! প্রায় মরিয়া হয়েই দেবাশিষ বলল, ''তোমার প্রত্যেকটা কথা ঠিক, জয়া। কিন্তু ভেবে দেখ, বিয়েতে আরও একটু ব্যাপার থেকে যায় না কি?

জয়া খুব অবাক হয়ে বলল, ''একটা মেয়ে আর একটা ছেলের মধ্যে বিয়ে হবে, এর মধ্যে আর কী ব্যাপার থাকতে পারে? সারা পৃথিবীতে এই ব্যাপারটা তো প্রতিদিন শ'য়ে শ'য়ে হচ্ছে। কি জানি বাবা, এর মধ্যে কোথায় তুমি সমস্যা দেখছ?''

''বিয়ের মধ্যে প্রেম, ভালোবাসা বলে একটা জিনিষ তো আছে। সেটা তো আগে হওয়া দরকার।''

''কেন? আমার বাবা-মায়েরা বিয়ে করার আগে তাদের মধ্যে প্রেম-ভালোবাসার ব্যাপার ছিল না। বিয়ের আগে ওরা নিজেদের চিনতই না। অভিভাবকরা ব্যবস্থা করে বিয়ে দিয়েছিলেন। বিয়ের পরে নিজেরা নিজেদের ভালো বেসেছিল। তুমি ক্লাসের সবাইকে জিজ্ঞাসা করে দেখ। দেখবে, প্রায় সকলের বাবা-মায়েরই বিয়ের আগে চেনা-জানা ছিল না। তাহলে আমাদের বেলাতেও সেটা হতে পারে না কেন?''

''জয়া, এটা শর্ট-কামিং-এর ব্যাপার তো নয়, এটা মনের ব্যাপার। আচ্ছা এমন তো হতেই পারে যে আমরা পরস্পরকে ভালোবাসতে পারলাম না। তখন কি হবে?

''তুমি কি করে জানলে আমরা দুজনে দুজনকে ভালোবাসব না? আমরা তো চেষ্টাই করি নি। ঠিক আছে, আজ থেকে চেষ্টা করা যাক। চল আজকে আমরা বাবুঘাটে গিয়ে সন্ধ্যাটা কাটাই, দেখা যাক পরস্পরকে ভালোবাসতে পারি কিনা। কাল তুমি আমাদের বাড়িতে এস। আমার বাবা-মায়ের সঙ্গে পরিচয় করিয়ে দেব। দেখবে ওরা খুব লিবারাল, আমাদের মেলামেশা বা নিজেরা ঠিক করে বিয়ে করা নিয়ে কিছু মনে করবে না।''

মরিয়া হয়ে প্রায় শেষ চেষ্টা হিসেবে দেবাশিষ বলল,

''জয়া, তুমি আমাকে একটু ভাবতে সময় দাও।''

''এতে এত ভাবার কি আছে, আমি তো বুঝতে পারছি না। ঠিক আছে, আমরা সোমবার সব কথা ঠিক করে ফেলব।''

সেই সন্ধ্যাবেলাই সোমনাথের বাড়িতে গিয়ে দেবাশিষ হাজির। সব কথা খুলে বলে শেষ করল, ''তোরা বলতিস ক্ষ্যাপা, কিন্তু এ তো একেবারে উন্মাদ। এখন আমায় বাঁচাও গুরু। এ আমি কী করে সামলাব বলত? এক দু দিন ক্লাস কাটতে পারি। কিন্তু মনে হচ্ছে এম.এস.সি পড়াই ছেড়ে দিতে হবে।''

''তুই তো রীতিমত ঘাবড়ে গিয়েছিস, দেখছি।''

''ঘাবড়াবো না। একটা মেয়ে হঠাৎ এসে বলে আমায় এক্ষুণি বিয়ে কর। আবার স্মার্ট মেয়ে, চোখা চোখা যুক্তি। কোন মতে সোমবার অবধি সময় পেয়েছি। তা না হলে এতক্ষণে গঙ্গার ধারে ওকে কোলে নিয়ে খাবি খেতে হত।''

হাসতে হাসতে সোমনাথ বলল, ''তাতে তোর আপত্তিটা কি? তোকে বলে রাখি, ও কিন্তু বড়লোক বাপের একমাত্র মেয়ে। ওকে বিয়ে করলে অনেক মালু পাবি। ঝুলে পড়।''

''দেখ, আমার এখন মরণ-বাঁচন সমস্যা, এর মধ্যে উল্টোপাল্টা কথা বলিস না। এলাম একটু বুদ্ধি ধার করতে, আর তুই বাওয়াল শুরু করে দিলি।''

''তুই এই নিয়ে একদম চিন্তা করিস না। ব্যাপারটা যে হয়েছে সেটাই ভুলে যা। তোকে যে কী বলেছে, সোমবার অবধি জয়ার মনেই থাকবে না। আমাদের কলেজেরই তো মেয়ে, আমি ওকে খুব ভালো জানি। ও এরকম আরও দু'তিন জনকে বলেছে। ওর যখন কারুকে কোন কারণে ভালো লাগে, তখন তাকেই বিয়ের প্রস্তাব দেয়। তার পর সেসব কথা আর ওর বেশী দিন মনে থাকে না।''

''যাঃ, ওরকম হয় নাকি!''

''তুই বাজিয়ে দেখ। সোম-মঙ্গল দুটো দিন ক্লাস কাট্ মার। তারপর যখন ক্লাসে আসবি, দেখ জয়া তোকে এই নিয়ে আর কিছু বলে কিনা।''

সোমনাথের কথা অক্ষরে অক্ষরে ফলে গিয়েছিল। তারপর কতদিন ঘটুদার ক্যান্টিনে আড্ডা দিয়েছে, কিন্তু জয়া আর বিয়ের প্রসঙ্গ কোনদিন তোলে নি। সোমনাথ বলেছে, ''বলেছিলাম, দেখলি তো।'' তবু দেবাশিষের বুকে একটা কাঁটা খচ খচ করত। এটাও তো হতে পারে জয়া অভিমানে আর কোন দিন ওর সঙ্গে এ প্রসঙ্গ তোলে নি। একটা আত্মসম্মান বলে ব্যাপার তো আছে! যে ছেলে তাকে ফিরিয়ে দিয়েছে, তাকে বার বার একটা মেয়ে বিয়ের জন্য অনুরোধ করতে পারে! আবার এটাও ঠিক যে জয়া ওদের সঙ্গে স্বাভাবিক ভাবেই মিশেছে, একেবারে যেন কিছুই হয় নি।

কলকাতা ইউনিভার্সিটি ছাড়ার পর বহুদিন আর জয়ার সঙ্গে দেবাশিষের দেখা হয় নি। শুনেছিল জয়া নাকি পি. এইচ. ডি শেষ না করেআই. এফ. এস দেওয়ার জন্য তৈরী হচ্ছে।

বহুদিন পরে আবার হঠাৎ জয়ার সঙ্গে দেখা ভার্জিনিয়ার কৃষ্টাল সিটিতে একটা বাণিজ্যিক আলোচনা চক্রে। ইন্ডিয়ান এমব্যাসি থেকে জয়া এসেছিল আলোচনা চক্রের উদ্বোধন করতে। লাঞ্চের সময় দেবাশিষ এগিয়ে গিয়ে দেখা করতে জয়া একেবারে উচ্ছসিত হয়ে ওকে প্রায় জড়িতে ধরল, ''তুমি এখানে থাক? আমি তো জানতামই না।'' তারপরে মেরীল্যান্ডে থাকে শুনে ওর ফোন নম্বর নিয়ে বলল, ''আমি তোমায় ফোন করব। একদিন চলে এস। ইস, কতকাল পরে তোমার সঙ্গে দেখা হল!''

এক রবিবার ওর বাড়িতে এসে আলাপ হল ওর স্বামী সুকুমারের সঙ্গে। তিনিও আই.এফ.এস অফিসার। কথা প্রসঙ্গে জানালেন, প্রায় সারা জীবনটাই তো দুজনে আলাদা আলাদা কেটে গেল। ইনি রাশিয়াতে থাকলে উনি থাকেন টিম্বাকটুতে, আর ইনি যখন নাইরোবি উনি তখন রিকইয়াভিক। এই এতদিনে অনেক ধরাকরা করে দু'জনে এক জায়গায় থাকার সুযোগ হয়েছে, তা আবার কপালগুণে, খোদ আমেরিকাতে। তাতেই এমব্যাসির অনেকের চোখ টাটাচ্ছে।

পুরানো কথার রেশ ধরে হাসতে হাসতে দেবাশিষ সুকুমারকে বলল, ''আমাকে কিন্তু আপনার কম্পিটিটর বলতে পারেন। জয়া এক সময় আমার প্রেমে পড়ে গিয়েছিল।''

''তাই নাকি,'' ভদ্রলোক হৈ হৈ করে উঠলেন।

''জয়া আমাকে প্রপোসও করেছিল। অবশ্য তখন আমাদের বয়স অনেক কম, আমরা দুজনেই এম. এস. সি-র স্টুডেন্ট।''

জয়া বোধহয় কিচেনে কিছু করছিল। তাকে ডেকে সুকুমার বললেন, ''তোমার এ সিক্রেটটাতো আমাকে চেপে গিয়েছ।''

''তোমরা কি কথা বলছ? কি আবার আমার সিক্রেট?'' বলতে বলতে জয়া ঘরে ঢুকে সবটা শুনে বলল, ''ও, দেবাশিষ, এত বয়স হল তবু তোমার সেই বানিয়ে বানিয়ে কথা বলার রোগটা গেল না। তোমাকে আমি প্রপোস করতে যাব কোন দুঃখে? তুমি একেবারেই ভ্যাদ্ ভ্যাদে ভালো ছেলে ছিলে। তোমার মত ছেলের সঙ্গে প্রেম করাই যায় না, তার আবার বিয়ে।''

এত জোরে কথাটা জয়া অস্বীকার করল যে দেবাশিষ একেবারে থ, বুঝল ব্যাপারটা খুব ওর পক্ষে খুব এমব্যারাসিং হয়ে যাচ্ছে। দরকারি একটা কাজের অজুহাত দিয়ে সেদিন তাড়াতাড়ি ওদের বাড়ি থেকে বেরিয়ে পড়েছিল। বাড়ির পথে গাড়ী চালাতে চালাতে মনে হল, জয়ার কি সত্যিই কিছু মনে নেই, নাকি স্বামীর সামনে সে সব কথা স্বীকার করতে চাইল না।

[*গল্পটা শুনে এর একটা উপযুক্ত নাম দেওয়ার জন্য অগ্রজ-প্রতিম শ্রীরমেন্দ্রনারায়ণ দে-র কাছে আমি চির কৃতজ্ঞ থাকব। - লেখক]

Best wishes

To

All CUAA-DC Members

from

Debkumar and Pramita Chatterjee

# Best Wishes

From

# Braja, Parna, Romita and Ronit Chattaraj

# প্রীতি ও শুভেচ্ছা জানাই

তারক ভড়, শিখা ভড়
ও রূপম ভড়

Best wishes

From

Sohan, Nandita and Utpal Dasgupta

May Goodwill and

Prosperity Prevail

From Chatterjee Family

Disha, Saborni,
Sreejato & Digonto

Best Wishes

From

Hindola, Sarbari and Gora Gangopadhyay

Our Hearty Vijaya Greetings to all the members of CUAA Family

From

Sankar, Jayasree & Sambrita Basu, Rockville, MD

Wishing You All

Our Best

CUAA-DC

Executive Committee

WISH YOU ALL OUR

BEST WISHES

FROM

RAJIT, MAHUA AND SUMAN

MUKHOPADHYAY

যাঁদের শিক্ষা ও সস্নেহ পথ নির্দেশনায়

আমাদের জীবন গড়ে উঠেছে

কলিকাতা বিশ্ববিদ্যালয়ের

সেই বরেণ্য শিক্ষকদের

প্রণাম জানাই

মনীষা ও লোকেশ

With Complements from

The Motayed Family